দৈনিক খবর

তারিখ ..28 NOV 1991 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

162

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকদের কর্ম বিরতি প্রত্যাহারে দাবী জানিয়ে বিবৃতি

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০ জন শিক্ষক গতকাল শিক্ষক সমিতির কর্মবিরতি প্রত্যাহারের আহবান জানিয়ে বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় খোলা রেখেই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী ঘটনা বহিরারোপিত। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কর্মচারীদের নিরাপত্তার ব্যবস্থা করার জন্যে সরকার ও বিরোধী দলকে আন্তরিকভাবে সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে।

বিবৃতিতে স্বাক্ষরদানকারী শিক্ষকবৃন্দ হচ্ছেন ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী, কে এম মোহসীন, তৌহিদুল আনোয়ার, মাহমুদা হক, কাইয়ুম চৌধুরী, এম কবির, শামীম শিকদার, কাজী বাসেত, এএইচএম আলী, সুলতান আহমেদ, আবুল কালাম, সৈয়দ রশিদুল হাসান, জালালউদ্দিন আহমেদ, বেলায়েত হোসেন, কে এম সায়ফুল ইসলাম, রশীদুন্নবী, নূরুল আলম ব্যাপারী, ফয়জুন্নেছা বেগম, নারায়ন বিশ্বাস, সৈয়দ মনজুরুল ইসলাম, এম আসাদুজ্জামান, গালিব খান, কাওসার মুস্তফা ও চুনী লাল রায়।